

## এশিয়া মহাদেশীয় সিনোডাল সম্মেলনের প্রেস নোট -১

২৩ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিস্টাব্দ


গত ২৪ থেকে ২৬ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিস্টাব্দ, এশিয়া মহাদেশের সিনোডাল সম্মিলনীর জন্য অংশগ্রহণকারীগণ বান ফুয়ান (দ্যা সাওয়ারস্ হাউজ), ব্যাংকক মহাধর্মপ্রদেশের যাজক প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত হন। এতে অংশগ্রহণকারী প্রতিনিধিরা ১৭ টি বিশপ সম্মিলনীর প্রতিনিধি এবং বিশপগণের ২ টি সিনোডাল প্রতিনিধি নিয়ে গঠিত, যারা ২৯ টি দেশের প্রতিনিধিত্ব করে এবং যারা এশিয়ান বিশপস্ সম্মিলনীর (এফএবিসি) গঠন করেন। এই সিনোডের যাত্রায় একত্রিত হন ৬ জন কার্ডিনাল, ৫ জন, আর্চবিশপ, ১৮ জন বিশপ, ২৮ জন পুরোহিত এবং ১৯ জন সাধারণ খ্রিস্টভক্ত।

এশিয়া, বৃহত্তম ও সর্বাধিক জনবহুল মহাদেশ, বিভিন্ন কৃষ্টি, ভাষা-জাতি এবং ধর্মে আশীর্বাদপুষ্ট। যদিও খ্রিস্টধর্ম এশিয়ার বেশিরভাগ অংশ একটি খুবই ক্ষুদ্র সংখ্যালঘু হিসেবে রয়ে গেছে, পৃথক কৃষ্টির প্রানবন্ততা এবং মন্ডলীর জীবনে আনন্দ নিয়ে আসে। যদিও বিশ্বাস, মূল্যবোধ ও প্রতীকগুলো স্থানভেদে ভিন্ন, মানব সমাজের আন্ত-সম্পর্ক এশিয়ার মানুষকে একত্রিত করে। বিচারবুদ্ধিসম্পন্ন এশিয়ার মূল্যবোধ ঈশ্বর, নিজ প্রতিবেশী এবং মহাবিশ্বের সাথে এটি নিয়ে আসে, মানব পরিবারের ঐক্য এবং এশিয়ার মানুষের ঐক্য।

চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও, সিনোডাল যাত্রাকে মন্ডলীর জন্য অনুগ্রহ এবং নিরাময়ের একটি মুহূর্ত হিসেবে বিবেচনা করা হয়েছে। ‘মন্ডলী তাঁবু হিসেবে’ চিত্রটিকে একটি আশ্রয়স্থল হিসেবে কল্পনা করে যা সামগ্রিকতার চেতনায় সকলের কাছে প্রসারিত করা যায়। এটি আরও প্রকাশ করে যে, ঐশ আত্মা যেখানেই প্রবাহিত হয়, সেখানেই সহিংসতা, অশান্তি এবং কষ্টের জায়গাগুলিসহ ঈশ্বর তাঁর তাঁবু স্থাপন করতে পারেন। সবচেয়ে বড় কথা তাঁবুতে সবার জন্য জায়গা আছে, কেউ বাদ যাবে না, কারণ, এটি সবার জন্য একটি বাড়ি। এই প্রক্রিয়ায়, যারা অতীতে নিজেদের বাদ মনে করেছিল তারাও এখন বুঝতে পারে যে, এই তাঁবুতে তাদের একটি বাড়ি আছে- একটি পবিত্র ও নিরাপদ স্থান।

তাঁবুর চিত্রটি আমাদের মনে করিয়ে দেয় যে, যীশু দেহধারণের মাধ্যমে আমাদের মধ্যে তার তাঁবু স্থাপন করেছেন, এবং সেই তাঁবুটিও ঈশ্বর এবং একে অপরের সাথে দেখা করার একটি স্থান। তাঁবু, যা এখন সাধারণ

#SynodBangkok2023



বাড়ি হিসেবে দেখা হয়, এছাড়া সাধারণ দীক্ষায় একাত্বতার ও সহভাগিতার মনোভাব আবার জ্বালিয়ে দিয়েছে।

সিনোডাল প্রক্রিয়াটি বিভিন্ন সমপ্রদায়ের একটি মিলন হিসেবে একসাথে চলার গুরুত্ব সম্পর্কে আরও সচেতন করে মন্ডলীর গঠনমূলক বৃদ্ধি ঘটিয়েছে। একটি খসড়া কাঠামো, একটি উন্মুক্ত কাজের দলিল, যা প্রতিনিধিদের প্রার্থনার মাধ্যমে একসঙ্গে যাত্রা করতে, আলোচনা ও স্বেচ্ছাকৃত হওয়ার জন্য প্রস্তুত করে। আগামি তিন দিনের মধ্যে প্রতিনিধিরা আনন্দ, একসঙ্গে হাঁটার অভিজ্ঞতা, ক্ষতের অভিজ্ঞতা এবং নতুন পথকে আলিঙ্গন করার আহ্বান জানাবেন। তারা এশিয়ার যে কষ্টগুলো জর্জরিত করে তার উপরেও দৃষ্টিপাত করবে- সিনোডারিটিতে বাঁচা, সিদ্ধান্ত গ্রহণ, যাজকদের আহ্বান, যুব, দরিদ্র, ধর্মীয় দ্বন্দ্ব এবং যাজকবাদ।

উদ্বোধনী খ্রিস্টাগে, পবিত্র আত্মার খ্রিস্টযাগ উৎসর্গ করবেন, জাপানের টোকিওর আর্চবিশপ তারসিসিও ইসাও কিকুচি, এসভিডি, যিনি এফএবিসি এর মহাসচিব। এটি একটি অরিয়েন্টেশন দ্বারা অনুসরণ কার হবে যা প্রতিনিধিদের আলোচনা ও চিন্তাভাবনার বিষয়গুলোর সাথে পরিচয় করিয়ে দিবে। অংশগ্রহণকারীদের চিন্তাভাবনা প্রকাশের চূড়ান্ত নথির খসড়াও সহভাগিতা করা হবে।

আশা করা হচ্ছে এশিয়া মহাদেশের বিশাল ও বৈচিত্রময় মানুষ বিসেবে একসাথে যাত্রা করা। - ফাদার নিখিল এ. গমেজ

#SynodBangkok2023